# উপজেলা পরিষদের সমাজ কল্যাণ বিষয়ক কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ নুর-ই-আলম সিদ্দিকী
প্রশাসক
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী

সভার স্থানঃ উপজেলা পরিষদ হলরুম

তারিখ ঃ ১৬/০৪/২৫ ইং

সময় ঃ ১০:০০ ঘটিকা

**উপস্থিত সদস্যবৃন্দের (স্বাক্ষরের ক্রমানুসারে)- পরিশিষ্ট "ক"**

সভার শুরুতে সভার সভাপতি উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

অতঃপর সভায় সদস্য সচিব উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে । সমাজে পিছিয়ে পড়া জনগোষ্ঠি, প্রতিবন্ধি, বিধবা মহিলাদের স্বাবলম্বী করতে উপজেলা পর্যায়ে কার্যক্রম গ্রহণের জন্য সভায় উপস্থিত সকল সদস্যকে আহবান জানান।

সভায় সদস্য ইউপি চেয়ারম্যানগণ এ বিষয়ে সহমত পোষণ করেন। এ ব্যপারে সভায় বিস্তারিত আলোচনা করেন।

সভায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধি ভাতা ভোগীর তালিকা তৈরীর কাজ সঠিকভাবে করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

**সিদ্ধান্তঃ**

অসচ্ছল প্রতিবন্ধীদের দক্ষতা উন্নয়নের জন্য বিভিন্ন মেয়াদে প্রশিক্ষন প্রদান এবং পাশাপাশি তাদের জীবন মান উন্নয়নের জন্য নগদ সাহায্য, ট্রাই সাইকেল, হুইল চেয়ার, সাদা ছড়ি, লাঠি, হিয়ারিং এইড সহ বিভিন্ন উপকরণ প্রদান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নুর-ই-আলম সিদ্দিকী)
প্রশাসক
ও
সভাপতি
সমাজ কল্যান বিষয়ক কমিটি
সৈয়দপুর, নীলফামারী।